গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.৪১৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগস্ট ২০২৫

**বিষয়: ২৪/৭ ভূমিসেবা ও সিটিজেন কেয়ার সেন্টারের মাধ্যমে আবেদন গ্রহণ বিষয়ে প্রচারণা।**

ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকার তেজগাঁওস্থ ভূমিভবনে কলসেন্টার ও সিটিজেন কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। নাগরিকগণ কল সেন্টারের হটলাইন নম্বর ১৬১২২ (বিদেশ হতে +৮৮০৯৬১২৩১৬১২২) এ ফোন করে দেশ ও বিদেশ থেকে সপ্তাহে ২৪ (চব্বিশ) ঘন্টা ০৭ (সাত) দিন ভূমিসেবা সংক্রান্ত যে কোন অভিযোগ জানাতে পারেন এবং ভূমিসেবা তথ্য ও পরামর্শ পেতে পারেন।. সিটিজেন কেয়ার সেন্টারে এসে প্রতিদিন (সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০ টা) সরাসরি ভূমিসেবা সংক্রান্ত আবেদন করতে পারেন এবং পরামর্শ নিতে পারেন। কল সেন্টার ও সিটিজেন কেয়ার সেন্টার সেবা সম্পর্কে প্রচারণার জন্য ব্যানার, পোস্টার, সামাজিক যোগাযোগ মাধ্যম, স্থানীয় গণমাধ্যম, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও অন্যান্য মাধ্যমকে ব্যবহার করা যেতে পারে।

২। এমতাবস্থায়, নাগরিক সেবা গ্রহণে এই দুটি গুরুত্বপূর্ণ মাধ্যম সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সাদেকুর রহমান)
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

১। বিভাগীয় কমিশনার............. (সকল)।
২। জেলা প্রশাসক ........................ (সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার.........(সকল)।
৪। সহকারী কমিশনার (ভূমি)..........(সকল)।